গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৪.২০১৯- ১৪৭৮

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১ / ১৪ আগস্ট ২০২৪

শোক বার্তা

জনাব মো: ফিরোজ কবীর, গবেষণা কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ব্রেন টিউমারে আক্রান্ত হয়ে কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকায় গত ১১ আগস্ট ২০২৪ খ্রি. তারিখে বিকাল ০৩.৩০ ঘটিকায় চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। জনাব মো: ফিরোজ কবীর ০১ নভেম্বর ১৯৭২ খ্রি. তারিখ চাপাইনবাবগঞ্জ জেলাধীন সদর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি গত ৩০ এপ্রিল ২০০০ খ্রি. তারিখে উপজেলা শিক্ষা অফিসার হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন এবং মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি বিগত ১১ মার্চ ২০১২ খ্রি. তারিখ হতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা অফিসার/গবেষণা কর্মকর্তা পদে যোগদান করে দায়িত্ব পালন করেন।

৩। মরহুম মো: ফিরোজ কবীর চাকরি জীবনে কর্তব্যপরায়ণ, দক্ষ, সৎ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী ও দুই (০২) ছেলে সন্তানসহ আত্মীয়স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জনাব মো: ফিরোজ কবীর-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

১৪/০৮/২০২৪
মোঃ আব্দুস সামাদ
মহাপরিচালক
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com